

বঙ্গবন্ধুর ৭ মার্চের ভাষণ: বাঙালির চিরঞ্জীব অনুপ্রেরণার মহাকাব্য
"পৃথিবীর ইতিহাসে যতদিন পরাধীনতা থেকে মুক্তির জন্য সংগ্রাম থাকবে, ততদিন শেখ মুজিবুর রহমানের ৭ মার্চের ভাষণটি বিশ্বের মুক্তিকামী মানুষের মনে চির জাগরুক থাকবে।"

---ব্রিটেনের সাবেক প্রধানমন্ত্রী এডওয়ার্ড হিথ

আজ ৭ মার্চ 'জাতীয় ঐতিহাসিক দিবস'। ১৯৭১ সালের এই দিনে ঐতিহাসিক রেসকোর্স ময়দানে (বর্তমান সোহরাওয়ার্দী উদ্যান) পাকিস্তানি শাসকদের শোষণ ও অত্যাচারে নিপীড়িত নিষ্পেষিত সাড়ে সাত কোটি বাঙালিকে মুক্তির সংগ্রামে উদ্দীপ্ত করেছিলেন হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। একাত্তরে মার্চের এই অগ্নিঝরা দিনে উত্তাল জনস্রোতের মাঝে, এ রকম একটি ভারসাম্যপূর্ণ, দিকনির্দেশনামূলক ভাষণই শেখ মুজিবকে অনন্য এক ভাবমূর্তি দিয়েছে। দিয়েছে অনন্য মহান নেতার মর্যাদা। জাতির পিতার ৭ মার্চের ভাষণ আজ শুধু বাংলাদেশের একক সম্পদ নয়, এটি এখন বিশ্ব মানবতার মুক্তির প্রামাণ্য দলিল। ৩০ অক্টোবর ২০১৭ ইউনেসকো এ ভাষণকে বিশ্ব–ঐতিহ্য সম্পদ হিসেবে স্বীকৃতি দিয়ে ‘দ্য ইন্টারন্যাশনাল মেমোরি অব ওয়ার্ল্ড রেজিস্টার’–এ অন্তর্ভুক্ত করেছে।
ঐতিহাসিক ৭ ই মার্চ,২০২২ জাতীয় দিবস হিসেবে যথাযথভাবে উদযাপনের লক্ষ্যে পল্লী উন্নয়ন একাডেমী ল্যাবরেটরী স্কুল এন্ড কলেজ, বগুড়া কর্তৃক দিনব্যাপী কর্মসূচি গ্রহণ করা হয়েছে। এর মধ্যে সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা উত্তোলন। সকাল ৯.০০ ঘটিকায় একাডেমি প্রাঙ্গণে জাতির পিতার স্মৃতিফলকে পুষ্পস্তবক অর্পণের মধ্য দিয়ে জাতির পিতার প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করেন পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়ার সম্মানিত মহাপরিচালক, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অতিরিক্ত সচিব ও সভাপতি, পল্লী উন্নয়ন একাডেমী ল্যাবরেটরী স্কুল এন্ড কলেজ, জনাব খলিল আহমদ ও অধ্যক্ষ,জনাব শেখ শাহরিয়ার মোহাম্মদ পল্লী উন্নয়ন একাডেমী ল্যাবরেটরী স্কুল এন্ড কলেজ । আরডিএ ল্যাবরেটরী স্কুল এন্ড কলেজের ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে চিত্রাঙ্কন প্রতিযোগিতা ও বঙ্গবন্ধুকে নিয়ে ডকুমেন্টারি ও চলচ্চিত্র প্রদর্শনী এবং সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয় ।


২১ শে ফেব্রুয়ারি
আন্তর্জাতিক
২০২২
প্রভাত ফেরি
দেশাত্মবোধক গান
আলোচনা সভা
POLO Sports






"একুশ মানে মাথা নত না করা"

-আবুল ফজল।

আজ ২১ ফেব্রুয়ারি মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২২। দিবসটি উপলক্ষে পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ),বগুড়ার পক্ষ থেকে বিভিন্ন কর্মসূচি পালন করা হয়। সকাল ৬:৩৪ মিনিটে সূর্যোদয়ের সাথে সাথে পতাকা উত্তোলন (অর্ধনমিত) এর মধ্য দিয়ে কর্মসূচির সূচনা হয়। সকাল ৭:৩০ মিনিটে কালো ব্যাচ পরিধান ও স্কুল প্রাঙ্গণ থেকে শহিদমিনার পর্যন্ত প্রভাতফেরির আয়োজন করা হয়। সকাল ৭ঃ৪৫ মিনিটে পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়ার সম্মানিত মহাপরিচালক, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অতিরিক্ত সচিব জনাব খলিল আহমদ (সভাপতি,পল্লী উন্নয়ন একাডেমী ল্যাবরেটরী স্কুল এন্ড কলেজ বগুড়া ) শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করেন। পল্লী উন্নয়ন একাডেমী ল্যাবরেটরী স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ,জনাব শেখ শাহরিয়ার মোহাম্মদ ও শিক্ষক, ছাত্র,অভিভাবক সহ সর্বস্তরের জনগণ শহিদমিনারে মহান ভাষা শহিদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন। এরপর একাডেমীর শহিদ মিনারে মহান মাতৃভাষা দিবসের গুরুত্ব ও তাৎপর্য সম্পর্কে আলোচনা সভা, বঙ্গবন্ধুর অসমাপ্ত আত্মজীবনী হতে পাঠ, কবিতা আবৃত্তি ও দেশাত্মবোধক গান পরিবেশন করা হয়।




সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী এবং স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন সংক্রান্ত জাতীয় কমিটির আয়োজনে বাংলাদেশ জাতীয় সংসদের দক্ষিণ প্লাজা হতে দেশব্যাপী শপথ পাঠ করান গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা। বিকাল ০৪:৩০ টায় আরডিএ স্কুল এন্ড কলেজ মাঠে মাননীয় প্রধানমন্ত্রীর বক্তব্য এবং মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক শপথ অনুষ্ঠান প্রচারিত হয়, উক্ত শপথ গ্রহণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জনাব খলিল আহমদ মহাপরিচালক পল্লী উন্নয়ন একাডেমী বগুড়া, অতিরিক্ত সচিব ও সভাপতি পল্লী উন্নয়ন একাডেমী ল্যাবরেটরি স্কুল এন্ড কলেজ বগুড়া এবং অধ্যক্ষ, শেখ শাহরিয়ার মোহাম্মদ পল্লী উন্নয়ন একাডেমী ল্যাবরেটরী স্কুল এন্ড কলেজ,বগুড়া।



স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপনের অংশ হিসেবে আরডিএ ল্যাবরেটরী স্কুল এন্ড কলেজের ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে মনোমুগ্ধকর দলীয় নৃত্য ও ডিসপ্লে প্রদর্শন




স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে দুপুর ১২:০০ টায় পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ার অডিটোরিয়ামে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

মুক্তিযুদ্ধভিত্তিক গান, নৃত্য, কবিতা আবৃত্তি এবং নাটিকার মাধ্যমে ফুটিয়ে তোলা হয় মুক্তিযুদ্ধের ইতিহাস, তাৎপর্য এবং বাংলাদেশের স্বাধীনতাকে। একাডেমীর মহাপরিচালক (অতিরিক্ত সচিব) খলিল আহমদ এঁর সভাপতিত্বে উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন অধ্যক্ষ,জনাব শেখ শাহরিয়ার মোহাম্মদ, পল্লী উন্নয়ন একাডেমী ল্যাবরেটরী স্কুল এন্ড কলেজ বগুড়া এবং স্কুল এন্ড কলেজের সকল শিক্ষক-শিক্ষিকা ও ছাত্র-ছাত্রীবৃন্দ।




সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী এবং স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপনের অংশ হিসেবে পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া'য় প্রাথমিক ও মাধ্যমিক স্তরের শিক্ষার্থীদের শিশু অধিকার ও বয়ঃসন্ধিকালীন স্বাস্থ্য বিষয়ক সচেতনতা বৃদ্ধিকরণে ব্যতিক্রমধর্মী "পুতুল নাচ"-এর আয়োজন করা হয়। একাডেমীর অডিটোরিয়ামে অনুষ্ঠিত "পুতুল নাচ" এবং স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে সাংস্কৃতিক অনুষ্ঠানের শুভ উদ্বোধন করেন জনাব খলিল আহমদ মহাপরিচালক (অতিরিক্ত সচিব) ও সভাপতি পল্লী উন্নয়ন একাডেমী ল্যাবরেটরি স্কুল এন্ড কলেজ বগুড়ার, জনাব খলিল আহমদ।
অধ্যক্ষ জনাব, শেখ শাহরিয়ার মোহাম্মদ পল্লী উন্নয়ন একাডেমী ল্যাবরেটরী স্কুল এন্ড কলেজ,সকল শিক্ষক-শিক্ষিকা ও ছাত্র-ছাত্রীবৃন্দ উপস্থিত ছিলেন।



সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী এবং স্বাধীনতার সুবর্ণজয়ন্তী যথাযথ মর্যাদায় পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ায় পালিত হয়। দিনব্যাপী অনুষ্ঠানমালার অংশ হিসেবে আরডিএ ল্যাবরেটরী স্কুল এন্ড কলেজ মাঠে মহাপরিচালক (অতিরিক্ত সচিব) খলিল আহমদ জাতীয় পতাকা উত্তোলন, আরডিএ ল্যাবরেটরী স্কুল এন্ড কলেজের ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে প্যারেড, কুচকাওয়াজ পরিদর্শন করেন এবং সালাম গ্রহণ করেন। এরপর "জাতির পিতার স্বপ্নের সোনার বাংলা বিনির্মানে মুক্তিযুদ্ধের চেতনা ধারণ ও ডিজিটাল প্রযুক্তির সর্বোত্তম ব্যবহার" শীর্ষক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত আলোচনা সভায় সভাপতিত্ব করেন আরডিএ স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ জনাব শেখ শাহরিয়ার মোহাম্মদ। প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন জনাব খলিল আহমদ মহাপরিচালক(আরডি) ও সভাপতি পল্লী উন্নয়ন একাডেমী ল্যাবরেটরি স্কুল এন্ড কলেজ বগুড়ার জনাব খলিল আহমদ। আলোচনা অনুষ্ঠান শেষে, আরডিএ ল্যাবরেটরী স্কুল এন্ড কলেজের ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে মনোমুগ্ধকর দলীয় নৃত্য ও ডিসপ্লে প্রদর্শন করা হয়। এ সময়ে একাডেমীর সকল পরিচালক, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের প্রতিনিধিগণ, অনুষদ সদস্যগণ, স্কুল এন্ড কলেজের সকল শিক্ষক-শিক্ষিকা, বিভিন্ন বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের প্রশিক্ষণার্থীসহ সকল স্তরের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।




পল্লী উন্নয়ন একাডেমী ল্যাবরেটরী স্কুল এন্ড কলেজ, বগুড়ায় যথাযোগ্য মর্যাদায় “শেখ রাসেল দিবস” পালিত।

‘শেখ রাসেল দীপ্ত জয়োল্লাস, অদম্য আত্মবিশ্বাস’- এ প্রতিপাদ্য নিয়ে জাতীয় কর্মসূচির অংশ হিসেবে পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ায় যথাযথ মর্যাদায় উদযাপিত হলো ‘শেখ রাসেল দিবস ২০২১’। পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কনিষ্ঠ পুত্র শেখ রাসেলের ৫৮তম জন্মদিন ও শেখ রাসেল দিবস উপলক্ষ্যে সকাল ০৯:০০ টায় শেখ রাসেলের প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন ও পুষ্প-স্তবক অর্পণ করেন আরডিএ বগুড়ার মহাপরিচালক (অতিরিক্ত সচিব) ও সভাপতি পল্লী উন্নয়ন ল্যাবরেটরী স্কুল এন্ড কলেজ বগুড়া জনাব খলিল আহমদ। এ সময় অধ্যক্ষ শেখ শাহরিয়ার মোহাম্মদ পল্লী উন্নয়ন একাডেমী ল্যাবরেটরী স্কুল এন্ড কলেজ বগুড়া,শিক্ষক-ছাত্র-ছাত্রীবৃন্দ উপস্থিত ছিলেন। এরপর বেলুন উড়ানো এবং ছাত্র-ছাত্রীদের মাধ্যমে কেক কাটার আয়োজন করা হয়।
ছাত্র-ছাত্রীদের মাঝে দিবসটির তাৎপর্য তুলে ধরার প্রয়াসে একাডেমীর অডিটোরিয়ামে একটি আলোচনা সভার আয়োজন করা হয়। আলোচনা সভায় মহাপরিচালক মহোদয়সহ উপস্থিত অনুষদ সদস্যবৃন্দ, কর্মচারীবৃন্দ এবং ছাত্র-ছাত্রীবৃন্দ তাঁদের বক্তব্যে এ দিবসটির তাৎপর্য তুলে ধরেন। আলোচনা শেষে এ দিবস উপলক্ষ্যে আয়োজিত বিভিন্ন প্রতিযোগিতায় বিজয়ী ছাত্র-ছাত্রীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়। এরপর মহাপরিচালক মহোদয় আরডিএ ল্যাবঃ স্কুল এন্ড কলেজে ‘‘শেখ রাসেল কর্ণার’’ এর শুভ উদ্বোধন করেন।
দিবসটি উপলক্ষ্যে শেখ রাসেলসহ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবারে শহিদ সকল সদস্যের ছবি সম্বলিত ব্যানার-ফেস্টুন প্রদর্শন করা হয়। বাদ জোহর আরডিএ জামে মসজিদে শেখ রাসেলসহ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবারে শহিদ সদস্যবৃন্দের আত্মার মাগফিরাত কামনা করে ও দেশ-জাতির মঙ্গল কামনা করে দোয়ার আয়োজন করা হয়।


১৫ই আগস্ট জাতীয় শোক দিবস উপলক্ষে
আলোচনা সভা ও দোয়া মাহ্ফিল
সভাপতি: জনাব খলিল আহমদ
জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি
গভীর শ্রদ্ধা
তুমি স্বাধীনতা,
তুমিই বাংলাদেশ
পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়া


১৫ই আগস্ট জাতীয় শোক দিবস উপলক্ষ্যে
আলোচনা সভা ও দোয়া মাহ্ফিল
সভাপতি: জনাব খলিল আহমদ
তুমি স্বাধীনতা, তুমিই বাংলাদেশ
জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি
গভীর শ্রদ্ধা
পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়া





পল্লী উন্নয়ন একাডেমী ল্যাবরেটরী স্কুল এন্ড কলেজ , বগুড়া'য় যথাযথ মর্যাদা ও ভাবগাম্ভীর্যের সাথে স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস- ২০২১ পালিত হয়। সূর্যোদয়ের সাথে সাথে অর্ধনমিত জাতীয়  পতাকা উত্তোলনের মাধ্যমে দিবসটির কর্মসূচির সূচনা করা হয়। যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক  কালোব্যাচ ধারণ করে মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব খলিল আহমদ মহোদয়ের নেতৃত্বে সকাল নয়টায় জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন। এ সময় একাডেমীর আরডিএ ল্যাবরেটরী স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ,শেখ শাহরিয়ার মোহাম্মদ ও শিক্ষকবৃন্দ জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন।

আরডিএ ল্যাব. স্কুল এন্ড কলেজ, বগুড়া কর্তৃক ভার্চুয়াল প্লাটফর্মে ''বঙ্গবন্ধু, মুক্তিযুদ্ধ ও বাংলাদেশ'' শীর্ষক চিত্রাঙ্কন, রচনা, কুইজ প্রতিযোগিতার আয়োজন করা হয়। উক্ত প্রতিযোগিতায় স্কুল ও কলেজের শিক্ষার্থীরা স্বতঃস্ফুর্তভাবে অংশগ্রহন করে। এরপর একাডেমীর অডিটরিয়ামে 'বঙ্গবন্ধুঃ স্বাধীনতার রূপকার' শীর্ষক আলোচনা সভার আয়োজন করা হয়।

অনুষ্ঠানের দ্বিতীয় পর্বে ''নিবেদিত প্রাণে নিবেদন'' শীর্ষক কবিতা আবৃত্তি অনষ্ঠানের আয়োজন করা হয়। একাডেমীর মহাপরিচালক মহোদয়সহ একাডেমীর কর্মকর্তাগণ, আরডিএ ল্যাবরেটরী স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ শেখ শাহরিয়ার মোহাম্মদ,  শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ বঙ্গবন্ধু ও তাঁর পরিবারের শহিদ সদস্যদের নিয়ে লেখা বিভিন্ন কবিতা আবৃত্তি করেন। অনুষ্ঠান শেষে মহাপরিচালক ও সভাপতি মহোদয় অংশগ্রহণকারী এবং বিভিন্ন প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরষ্কার প্রদান করা হয়। উল্লেখ্য যে, বঙ্গবন্ধু রচিত তিনটি বই 'অসমাপ্ত আত্মজীবনী', 'কারাগারের রোজনামচা' এবং 'আমার দেখা নয়াচীন' সহ বাংলাদেশ শিশু একাডেমি প্রকাশিত শিশুদের জন্য বঙ্গবন্ধুর জীবনীর ওপর লেখা ২৬টি বই পুরস্কার হিসেবে অন্তর্ভুক্ত করা হয়।

বাদ জোহর বঙ্গবন্ধু ও তাঁর পরিবারের অন্যান্য সদস্যসহ ১৫ আগস্টের সকল শহিদের রুহের মাগফেরাত কামনায় বিশেষ মোনাজাত অনুষ্ঠিত হয়। এছাড়াও জাতীয় শোক দিবস উপলক্ষে  বিশেষ ভিউকার্ড প্রকাশ ও বিতরণ করা হয়।





আরডিএ'র নিজস্ব ব্যবস্থাপনায় তৈরি ১০১ টি কেক কেটে জাতির পিতার ১০১তম জন্মদিবস উদযাপন। আরডিএ ল্যাবঃ স্কুল এন্ড কলেজের ১০০ জন শিক্ষার্থী এবং মহাপরিচালক ও সভাপতি পল্লী উন্নয়ন একাডেমী ল্যাবরেটরী স্কুল এন্ড কলেজের পক্ষে তার সহধর্মিণী মিসেস রুবিনা আক্তার কেক কাটা কার্যক্রমে অংশগ্রহণ করেন। এছাড়াও, সকলের অংশগ্রহণে আয়োজন করা হয় আনন্দ শোভাযাত্রা যার মাধ্যমে ১০০ টি লাল-সবুজ বেলুন এবং ১০০ টি শান্তির পায়রা উড়িয়ে শ্রদ্ধাভরে স্মরণ করা হয় মহান জাতির পিতাকে। এসময় উপস্থিত ছিলেন অধ্যক্ষ শেখ শাহরিয়ার মোহাম্মদ পল্লী উন্নয়ন একাডেমী স্কুল এন্ড কলেজ বগুড়া।




জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান – এর জন্মশতবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উপলক্ষ্যে আরডিএ ল্যাবঃ স্কুল এন্ড কলেজের ১০০ জন মেধাবী শিক্ষার্থীর মাঝে এককালীন বৃত্তি প্রদান। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন একাডেমীর অতিরিক্ত মহাপরিচালক (ভারপ্রাপ্ত) জনাব সুফিয়া নাজিম। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মহাপরিচালকের সহধর্মিণী মিসেস রুবিনা আক্তার
এবং শেখ শাহরিয়ার মোহাম্মদ, অধ্যক্ষ, আরডিএ ল্যাবঃ স্কুল এন্ড কলেজ।



জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান রচিত 'অসমাপ্ত আত্মজীবনী', 'কারাগারের রোজনামচা' এবং 'আমার দেখা নয়াচীন' বই থেকে সংগৃহীত ১০০ টি উদ্ধৃতি সম্বলিত প্রদর্শনী উদ্বোধন করেন একাডেমীর মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব, খলিল আহমদ।